

১৭টি বামপন্থী ও সহযোগী দলের পক্ষ থেকে বিমান বসুর বিবৃতি

বুধবার সাধারণ ধর্মঘটের সাফল্যে পশ্চিমবঙ্গের জনগণকে ১৭টি বামপন্থী ও সহযোগী দলের পক্ষ থেকে অভিনন্দন জানানো হচ্ছে।

আগামী ১১ এবং ১২ জানুয়ারি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কলকাতা সফরের দুদিনের কর্মসূচী রয়েছে। দেশের নাগরিকদের ভোটে নির্বাচিত হয়ে এসে তাঁদেরই ধর্মের ভিত্তিতে বিভাজন করে নাগরিকত্ব কেড়ে নেওয়ার যে অপপ্রয়াস আরএসএস-বিজেপি'র নেতৃত্বে কেন্দ্রীয় সরকার নিয়েছে তার প্রতিবাদে সারা দেশের মানুষ সোচ্চার হয়েছেন। বুধবারের ধর্মঘটেও এই প্রতিবাদ সোচ্চারে প্রতিফলিত হয়েছে।

১৭টি বামপন্থী ও সহযোগী দলের মিলিত উদ্যোগে ১১ এবং ১২ জানুয়ারি দুদিনই রাজ্যের জেলা সদরে এবং কলকাতা শহরে কয়েকটি জায়গায় ফ্ল্যাগ, ফেস্টুন না নিয়ে 'নরেন্দ্র মোদী গো ব্যাক' শ্লোগানে মুখরিত হয়ে কালো পতাকা দেখানোর কর্মসূচী রূপায়ণ করতে হবে।

অবশ্যই গত ২৭ডিসেম্বর কংগ্রেস সহ যে ২০টি রাজনৈতিক দল সিএএ, এনআরসি ও এনপিআর-এর বিরুদ্ধে মহামিছিলে অংশ গ্রহণ করেছিল তারাসহ অন্যান্য সংগঠন এবং সংস্থাকেও উক্ত বিক্ষোভ কর্মসূচীতে অংশ নিতে আবেদন করা হচ্ছে।

৮ জানুয়ারি, ২০২০

মুজফ্ফর আহমদ ভবন

কলকাতা -৭০০০১৬

বিবৃতিতে স্বাক্ষরকারী দলগুলি হলো:সিপিআই(এম), সিপিআই, সিপিআই (এমএল-এল), ফরওয়ার্ড ব্লক, আরএসপি, আরসিপিআই, এমএফবি, বিবিসি, ওয়ার্কার্স পার্টি, ভারতীয় বলশেভিক পার্টি,সিপিআই (এমএল), পিডিএস,সিআরএলআই,সিপিবি,এনসিপি, আরজেডি এবং এলজেডি।